

27/9/2020  
4.58 PM

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)

**২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের ২য় সভার কার্যবিবরণী।**

সভার তারিখঃ	২৩ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ
সময়ঃ	সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থানঃ	ভবন নং ১০, কক্ষ নং-০৩, পরিকল্পনা বিভাগ
সভাপতিঃ	জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও টিম লিডার, এপিএ টিম, পরিকল্পনা বিভাগ।

- ১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।
- ২.০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা) সভাকে জানান যে, পরিকল্পনা বিভাগের চলতি ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি গত ১৭/০৯/২০২০ তারিখে স্বাক্ষরিত হয়েছে। স্বাক্ষরিত চুক্তির কপি এপিএ টিমের সকল সদস্যকে প্রেরণ করা হয়েছে এবং ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। পরিকল্পনা বিভাগের ৩টি কৌশলগত উদ্দেশ্যের ১১ টি কার্যক্রম ও ২০ টি সূচক রয়েছে। অনুরূপ ৩ টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ১৩ টি কার্যক্রম ও ১৭ টি সূচক রয়েছে। পরিকল্পনা বিভাগের উদ্দেশ্যের সাথে এনইসি একনেক, এসএসআরসি, পরিকল্পনা কমিশনের ৬ টি সেক্টর/ডিভিশন ও অধীন দপ্তর/সংস্থার কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে এপিএ টিম, পরিকল্পনা বিভাগের সকল অনুবিভাগ/অধিশাখা/শাখার কার্যক্রম অন্তর্ভুক্ত আছে। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কর্মসম্পাদন সূচক ১.২ ও ১.৪ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় সূচকের সাথে এবং ২.২ ও ২.৩ উদ্ভাবন কর্ম-পরিকল্পনার সাথে সংশ্লিষ্ট।
- ৩.০ তিনি আরও জানান যে, পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ১৫/১০/২০২০ তারিখের মধ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সুপারিশক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। চলতি অর্থ-বছরের ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।

৪.০ সভায় অংশগ্রহণকারী সদস্যগণ এপিএ বাস্তবায়নের জন্য তাদের মূল্যবান মতামত উপস্থাপন করেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৫.০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) চলতি ২০২০-২১ অর্থবছরের এপিএ'র সকল কর্মসম্পাদন সূচক যথাযথ বাস্তবায়নের জন্য সমন্বিত উদ্যোগ গ্রহণ;
- (খ) পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত বিভিন্ন প্রকল্প পরিদর্শনপূর্বক পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ;
- (গ) ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সংগ্রহ ও বিএমসি সভায় উপস্থাপন।

## ৬.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৪/০৯/২০২০

(মোঃ দেলোয়ার হোসেন)

অতিরিক্ত সচিব (বাজেট)

ও


টিম লিডার, এপিএ টিম,

পরিকল্পনা বিভাগ।

নং-২০.০০.০০০০.৩২৮.৪২.০০১.২০-১৩২

তারিখঃ ০৯ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ  
২৪ সেপ্টেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দঅনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ।
৪. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন ও গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা।
৬. যুগ্মসচিব (প্রশাসন/সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. যুগ্ম-প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
১০. উপসচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১১. উপপ্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ✓ ১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।  
(কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৪. অফিস কপি।



(মোঃ রফিকুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯১৮০৭৯২

E-mail: ro.pms@plandiv.gov.bd